গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
আইটি সেল
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

## যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রফিকুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার |
| সভার তারিখ | ১৫/০৩/২০২১ খ্রি: |
| সভার সময় | সকাল ১০:৩০ ঘটিকা |
| স্থান | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘‘ক’’ দ্রষ্টব্য। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে ইনোভেশন টিমের সদস্য-সচিব বিগত ৩০/১২/২০২০ তারিখের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। সদস্য-সচিব আরো জানান যে, উক্ত সভায় গৃহীত ৩টি সিদ্ধান্তের মধ্যে ১নং সিদ্ধান্তে বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে এবং বাকী দুইটি সিদ্ধান্ত ১০০% বাস্তবায়িত হয়েছে। তিনি আরও উল্লেখ করেন যে, মন্ত্রণালয়ে ‘উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধি’ ও ‘সেবা সহজিকরণ’ বিষয়ে দুইদিনের প্রশিক্ষণ গত ১৭-১৮ জানুয়ারী ২০২১ ও ১০-১১ ফেব্রুয়ারি ২০২১ তারিখে সফলভাবে অনুষ্ঠিত হয়েছে। এরপর প্রত্যেক দপ্তর/সংস্থাভিত্তিক অর্ধবার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ মূল্যায়ন প্রতিবেদন ও এর প্রমানকের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

২। সভাপতি দপ্তর/সংস্থা থেকে প্রেরিত অর্ধবার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর সংস্থাভিত্তিক প্রতিটি কার্যক্রমের প্রমানকসমূহ পর্যালোচনা করেন এবং ইনোভেশন টিমের সদস্যদের মতামতের আলোকে অর্ধবার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রমানকের ভিত্তিতে চূড়ান্ত মূল্যায়ন অনুমোদন করেন। এছাড়া তিনি 'বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১' অনুযায়ী সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য বলেন। তিনি প্রত্যেক দপ্তর/সংস্থায় অনুষ্ঠিত ইনোভেশন টিমের পূর্বের সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতির শতকরা হার পরবর্তী সভায় উপস্থাপন এবং কার্যবিবরণীতে উল্লেখ করে মন্ত্রণালয়ে কার্যবিবরণীর অনুলিপি প্রেরণের নির্দেশনা প্রদান করেন।

৩। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| | |
|---|---|
| (ক) | প্রত্যেক দপ্তর/সংস্থা স্ব-স্ব দপ্তর/সংস্থায় অনুষ্ঠিত ইনোভেশন টিমের পূর্বের সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতির শতকরা হার(%) পরবর্তী সভায় উপস্থাপন করবে এবং ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ করবে। |
| (খ) | মন্ত্রণালয় ও আওতাধীন প্রত্যেক দপ্তর/সংস্থায় ইনোভেশন টিমের পূর্ণাঙ্গ তথ্যসহ বছরভিত্তিক উদ্ভাবন, সেবা সহজিকরণ এবং বাস্তবায়িত ডিজিটাল-সেবার তথ্য নিয়মিত ওয়েবসাইটে আপলোড/হালনাগাদ করবে। |
| (গ) | প্রত্যেক দপ্তর/সংস্থা ‘বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১’ অনুযায়ী সকল কার্যক্রম কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করবে। |
| (ঘ) | যেসব দপ্তর/সংস্থার মাঠ পর্যায়ে অফিস নেই, সেসব দপ্তর/সংস্থা ইনোভেশন বিষয়ে তাদের ইনোভেশন টিমের গৃহীত সিদ্ধান্ত তাদের প্রধান কার্যালয়ে বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ করবে এবং ইনোভশেন টিমের সভার কার্যবিবরনীতে তা অন্তভূর্ক্ত করবে। |

৪। সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ দিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

মোঃ রফিকুল ইসলাম
অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৪৬.৩৩.০০৩.১৭.২২৮

তারিখ: ৯ চৈত্র ১৪২৭
২৩ মার্চ ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, সমন্বয় ও সংস্কার, সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২) মহাপরিচালক , যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৩) মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
৪) মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, সাভার, ঢাকা।
৫) সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
৬) সচিব (অতিরিক্ত দায়িত্ব), বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
৭) পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৮) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৯) যুগ্মসচিব, উন্নয়ন অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১০) উপসচিব, ক্রীড়া অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১১) উপসচিব, যুব অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১৩) সিনিয়র সহকারী সচিব , প্রশাসন-১ শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
১৪) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১৫) অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

অমলেন্দু বিশ্বাস
প্রোগ্রামার (সংযুক্ত)